অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পেন স্টেশন এবং আশেপাশের পুনরুজ্জীবিত এলাকার জন্য কমিউটার-ফার্স্ট লক্ষ্য উন্মোচন করেছেন

নতুন পরিকল্পনা পেন স্টেশনকে আধুনিক, বিশ্বমানের ট্রেন ফ্যাসিলিটিতে পরিণত করে

পুনঃকল্পিত বিকাশ পরিকল্পনা ঘনত্ব কমায়, পাবলিক রেলম এবং সামাজিক সেবাকে অগ্রাধিকার দান করে, সাশ্রয়ী আবাসনে বিনিয়োগ করে, ট্রানজিট অ্যাক্সেস ও শেয়ার্ড স্ট্রিট বৃদ্ধি করে, পথচারী-বান্ধব স্ট্রিটস্কেপ সক্রিয় করে

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর হোকল আজকে নতুন একটি কমিউটার-ফার্স্ট বিশ্বমানের পেন স্টেশন ও পুনরুজ্জীবিত আশেপাশের এলাকা, যা সম্প্রদায়ের প্রয়োজনের প্রতিফলন এবং পাবলিক ট্রানজিট এবং পাবলিক রেলম উন্নয়নে মনযোগী হয়, সেই ব্যাপারে তার লক্ষ্য উন্মোচন করেছেন। পরিকল্পনাটি বিদ্যমান স্টেশনের পুনর্নির্মাণকে অগ্রাধিকার প্রদান করে এবং একই সাথে স্টেশন সম্প্রসারণ ও গেটওয়ে প্রজেক্ট (Gateway Project) উদ্যোগ, উভয়কে গভর্নর দৃঢ় সমর্থন করেন, তাদের ফেডারেলভাবে স্থাপিত সময়সীমা অনুযায়ী চলমান আছে। গভর্নর হোকলের নতুন পরিকল্পনা তাই বিদ্যমান পেন স্টেশনের ত্বরান্বিত পুনর্নির্মাণ করতে দেয়, যার 60 শতাংশ ব্যবহারকারী হল সাবওয়ে বা লং আইল্যান্ড রেইল রোড (Long Island Rail Road, LIRR) এর যাত্রী।

পূর্বের পরিকল্পনাকে আরো উন্নত করে সম্মুখে অগ্রসর হওয়ার নতুন পন্থা স্থাপন করার জন্য সম্প্রদায়ের স্টেকহোল্ডার, সরকারি এজেন্সি এবং নির্বাচিত কর্মকর্তাদের মধ্যে একাধিক মাসের সমবেত কাজ এবং 100-র বেশি মিটিংয়ের পর নতুন এলাকা পরিকল্পনাটি এসেছে। আজকের ঘোষিত পরিকল্পনাটিকে সরকারিভাবে পুনর্বিবেচনা করা হবে এবং আজকের ঘোষণাটি বৃহত্তর সরকারি চলমান প্রক্রিয়ার একটি অংশ।

"আমি নিউ ইয়র্ক সিটির কমিউটার অভিজ্ঞতা পুনঃকল্পনা করছি। পেন স্টেশনে নিউ ইয়র্কবাসীদের ভোগান্তি তাদের প্রাপ্য নয়," **গভর্নর হোকল বলেন।** "আমাদের পেন স্টেশন কমিউটার এবং প্রতিবেশী সম্প্রদায়গুলিকে অবহেলা করার দিন শেষ। নিউ ইয়র্কের নেতৃবৃন্দের

কাছে দূরদর্শী ধারণা এবং সাহসী পদক্ষেপ প্রত্যাশিত, এবং পেন স্টেশনে আমার প্রস্তাবিত রূপান্তর ঠিক তাই অর্জন করে। পরিকল্পনাটি নিউ ইয়র্কবাসীকে অগ্রাধিকার দেয়, যাত্রী-কেন্দ্রিক ট্রানজিট অভিজ্ঞতা প্রদান করে এবং তাদের প্রাপ্য দারুণ এলাকা প্রদান করে। পেন স্টেশনে বিনিয়োগ করার অর্থ হল নিউ ইয়র্কের ভবিষ্যতে বিনিয়োগ করা যখন আমরা কোভিড থেকে পুনরুদ্ধার হয়ে আরো টেকসই, বাসযোগ্য শহর গড়ে তুলছি।"

বর্তমান পেন স্টেশন, পশ্চিম হেমিস্ফিয়ারের ব্যস্ততম ট্রানজিট কেন্দ্র, লাগুয়ার্দিয়া, জন এফ. কেনেডি এবং নিওয়ার্ক বিমানবন্দরের থেকে বেশি যাত্রীকে সেবাদান করে। আমট্রাকের (Amtrak) কর্মকাণ্ড নতুন ময়নিহান ট্রেন হলে (Moynihan Train Hall) স্থানান্তর করা পেন স্টেশনকে ঢেলে সাজানোর সুযোগ প্রদান করে, প্রথম ভূগর্ভস্থ লেভেলের বিশাল আয়তন অপসারণ করে মূল কনকোর্সকে প্রাকৃতিক আলোর দিকে খুলে দেয়, খুচরা বিক্রয় এবং ব্যবহারকারীর অন্যান্য সুবিধা উন্নত করে, নিরাপত্তা ও সুরক্ষা বৃদ্ধি করে, যাত্রী চলাচলের এলাকা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করে, প্রবেশ ও প্রস্থানের পথ প্রশস্ত করে, এবং যাত্রীদের জন্য স্টেশনের মধ্যকার চলাচল ও বাইরে তাদের গন্তব্যের সাথে সংযোগ সহজতর করে। স্টেশনের পুনর্নির্মাণের আনুমানিক খরচ ছয় থেকে সাত বিলিয়ন মার্কিন ডলারের মধ্যে হবে, এবং এটি নির্মাণ কাজ শুরু হওয়ার চার থেকে পাঁচ বছরের মধ্যে হবে।

আশেপাশের এলাকার বিকাশের ক্ষেত্রে, যা প্রকল্পটির অর্থায়নে সাহায্য করবে, গভর্নর হোকলের নতুন প্রস্তাবটি এখনো প্রয়োজনীয় লাভ অর্জন করবে কিন্তু পূর্বের পরিকল্পনাকে উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনবে, এবং সম্প্রদায় ও পাবলিক রেলমের সুবিধা উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি করবে। নতুন পরিকল্পনাটি কমিউনিটি অ্যাডভাইজরি কমিটি ওয়ার্কিং গ্রুপের (Community Advisory Committee Working Group, CACWG) সুপারিশ গ্রহণ করে, যারা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD), মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA), অ্যামট্র্যাক এবং নিউ জার্সি ট্রানজিটের (NJ Transit) পরামর্শ নিয়ে কাজ করেছে। CACWG পুরো নির্মাণের সময় পরিকল্পনাটি জানাতে থাকবে, এবং প্রকল্পটি চূড়ান্ত করার প্রক্রিয়ায় সম্প্রদায়ের স্টেকহোল্ডার, ট্রানজিট, টেকসইতা ও পরিকল্পনা বিশেষজ্ঞ, এবং সেই সাথে অঞ্চলব্যাপী পেন স্টেশনের ব্যবহারকারীদের সাথে সক্রিয়ভাবে জড়িত করতে গভর্নর MTA কে নির্দেশনা দিচ্ছেন।

স্টেশনটি পুনঃকল্পনা করা ন্যায্য ট্রানজিট প্রক্রিয়া নিশ্চিত করা ও অর্থনৈতিক বিকাশ অর্জন করার ব্যাপারে গভর্নরের অঙ্গীকারের অংশ। এটি ইস্ট ব্রঙ্কসের (কো-অপ সিটি, মরিস পার্ক, পার্কচেস্টার, এবং হান্টস পয়েন্ট) আসন্ন মেট্রো-নর্থ স্টেশনগুলির জন্য বিশেষভাবে সুবিধাজনক হবে, পেন অ্যাক্সেসের কারণে তাদের মিডটাউন থেকে যাওয়া আসার সময় 50 মিনিট পর্যন্ত হ্রাস হবে।

নতুন প্রস্তাবের মুখ্য বৈশিষ্ট্যগুলি হল:

নতুন, বিশ্বমানের ট্রেন ফ্যাসিলিটি

- একটি একক-লেভেলের, দ্বিগুণ-উচ্চতার ট্রেন হল তৈরি করে যা নতুন জনগণ লেভেলের যাত্রীদের চলাচলের স্থান দ্বিগুণ করে আনুমানিক 123,000 বর্গফুট থেকে

আনুমানিক 250,000 বর্গফুট করে এবং বিদ্যমান পেন স্টেশনের জনসমাকীর্ণ, সঙ্কুচিত ও ভিড়পূর্ণ প্যাসেজওয়ে অপসারণ করে।
- 450 ফুট লম্বা একটি সূর্যালোকিত ট্রেন হল অন্তর্ভুক্ত করে যার আকার ময়নিহান ও গ্র্যান্ড সেন্ট্রালের হলগুলি জোড়া দিলে তার সমান।
- চলাচলের রাস্তা সহজ করে
- পরিষ্কার দেখা যায় এমন প্রস্থান ও প্রবেশের লাইন তৈরি করে
- প্ল্যাটফর্মে আরো 18টি এস্কেলেটর বা সিঁড়ি এবং আরো 11টি এলিভেটর যুক্ত করে।

ঘনত্ব কমায়
- পূর্বের পরিকল্পনা থেকে 1.4 মিলিয়ন বর্গফুট বিকাশ ছাটাই করে এবং প্রস্তাবিত ভবনের উচ্চতা হ্রাস করে
- 33তম সড়কে এম্পায়ার স্টেট বিল্ডিংয়ের (Empire State Building) দৃশ্য রক্ষা করতে নতুন নকশা নিয়ন্ত্রণ প্রদান করে

পাবলিক রেলম ও সামাজিক সেবা
- ~8 একর জনসাধারণের স্থান যোগ করে, যার মধ্যে রয়েছে 30,000 বর্গফুট প্লাজা যার আকার রকফেলার প্লাজার সমতুল এবং প্রত্যেক ভবনের সাইটে জনসাধারণের স্থান আলাদা করে রাখা আবশ্যক করে।
- সম্প্রদায়ের নেতৃবৃন্দ ও স্টেকহোল্ডারদের নিয়ে একটি পাবলিক রেলম টাস্ক ফোর্স (Public Realm Task Force) গঠন করে, যা পাবলিক রেলম উন্নয়নে অগ্রাধিকার দিয়ে পরিকল্পনা করবে, এর অর্থায়ন করবে পাবলিক রেলম ফান্ড (Public Realm Fund), পুনর্নির্মাণের প্রাথমিক মুনাফা এই ফান্ডের জন্য নিবেদিত হবে।
- কমিউনিটি ফ্যাসিলিটি স্থান আবশ্যক করে যা এলাকায় অতি প্রয়োজনীয় সামাজিক সেবাকে অগ্রাধিকার দিবে, যার বিশেষ মনোযোগ হবে নিউ ইয়র্কের গৃহহীন মানুষ
- ম্যাডিসন স্কয়ার গার্ডেনের (Madison Square Garden) জন্য মাটির নিচে লোডিং/আনলোডিং তৈরি করে, সড়ক থেকে ট্রাক অপসারণ করে

সাশ্রয়ী আবাসন
- 1,800টি পর্যন্ত আবাসিক ইউনিটের ব্যবস্থা রাখে, যার মধ্যে 540টি স্থায়ীভাবে সাশ্রয়ী
- একটি আবাসিক ভবন আবশ্যক করে, যেখানে 162টি স্থায়ীভাবে সাশ্রয়ী ইউনিট থাকবে - যা পেন স্টেশনের দক্ষিণ সম্প্রসারণ হলে যে পরিমাণ আবাসন অপসারিত হবে তার থেকে বেশি

পাবলিক ট্রানজিট অ্যাক্সেস ও শেয়ার্ড স্ট্রিট
- মাটির নিচের নতুন করিডোরকে সিক্সথ অ্যাভিনিউ IND লাইন পর্যন্ত বিস্তৃত করে, যার ফলে 34তম স্ট্রিট হেরাল্ড স্কয়ার স্টেশন (B, F, M, N, R, W লাইন) পেন স্টেশন পর্যন্ত বিরামহীন অ্যাক্সেস পায়
- পেন স্টেশনের বিদ্যমান প্রবেশপথ প্রায় দ্বিগুণ করে 12 থেকে 20 করে, এবং ডেভেলপারদের জন্য ভবন থেকে এবং ভবন পর্যন্ত অতিরিক্ত সরাসরি সাবওয়ে প্রস্থান

ও প্রবেশপথ যুক্ত করা আবশ্যিক করে, ফলশ্রুতিতে অতিরিক্ত ভিড়যুক্ত প্রবেশপথের ঘনত্ব ও জনসমাকীর্ণতা হ্রাস করে
- এলাকাব্যাপী সাইডওয়াক প্রশস্ত করে এবং 31তম, 32তম এবং 33তম স্ট্রিটকে পথচারীদের অগ্রাধিকার প্রদান করে এমন শেয়ার্ড স্ট্রিট বানানোর সুপারিশ করে
- সুরক্ষিত বাইক লেন যোগ করে এবং বাইক পার্কিং ব্যাপকভাবে বৃদ্ধি করে ও যান পার্কিং হ্রাস করে

পথচারী-বান্ধব স্ট্রিটস্কেপ
- নতুন বাণিজ্যিক লবি বানানোর আকার সীমাবদ্ধ করে
- প্রত্যেক ভবনের সামনে 40 শতাংশ "সক্রিয় ব্যবহার" যেমন খুচরা বিক্রয় বা কমিউনিটি ফ্যাসিলিটির জন্য রাখা আবশ্যক করে

MTA এর ভারপ্রাপ্ত প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "ছয়টি সাবওয়ে লিয়ান, অগণিত বাস রুট, এবং শীঘ্রই হতে যাওয়া চারটি রেলপথ নিয়ে পেন স্টেশন শহরের ব্যস্ততম পরিবহন ফ্যাসিলিটি, এবং পেন স্টেশন আপগ্রেড হওয়ার জন্য আমরা কয়েক প্রজন্ম ধরে অপেক্ষা করছি। আমি অত্যন্ত আনন্দিত যে গভর্নর কয়েক দশকের বিলম্বকে শেষ করার সিদ্ধান্ত নিয়েছেন এবং এখনই পেন স্টেশনকে মেরামত করার ব্যাপারে আমাদের জোর দিচ্ছেন।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রধান পরিচালনা কর্মকর্তা এবং নির্বাহী ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "বিশ্বমানের একটি পেন স্টেশন এবং পুনরুজ্জীবিত আশেপাশের এলাকা নিয়ে গভর্নর হোকলের ভীষণ কেবল নিউ ইয়র্ক সিটি ও উত্তরপূর্ব করিডোরের যাত্রীদের কমিউটার অভিজ্ঞতাটি উন্নত করবে না, বরং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক উন্নয়নের জোরদার অনুঘটক হিসেবেও কাজ করবে। বাণিজ্যিক বিকাশ ও সরকারি পরিবহনের মিশ্রণ ভবিষ্যতের টেকসই বিকাশের জন্য একটি আদর্শ, এবং আগামী অনেক দশকের জন্য স্টেশনের আশেপাশের এলাকার ব্যবসায়িক জেলার পুনরুজ্জীবন শুরু করবে এমন এই পরিকল্পনাটির জন্য আমি আমাদের সরকারি ও বেসরকারি অংশীদারদের প্রশংসা করছি।"

কংগ্রেসম্যান জেরোল্ড ন্যাডলার বলেন, "এই অঞ্চলের জন্য পেন স্টেশন ও গেটওয়ে কতটা জরুরি তা বোঝার জন্য, এবং প্রকল্পটির পরিবহন অংশকে যে অগ্রাধিকার দিতে হবে সে ব্যাপারে পরিষ্কার নির্দেশনা প্রদানের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। কিভাবে নতুন এই গতিকে একটি ঐক্যমত্য-চালিত পেন স্টেশন নকশায় পরিণত করা যায় এবং মাঠ পর্যায়ে কাজ শুরু করা যায় তার জন্য MTA, অ্যামট্র্যাক ও নিউ জার্সি ট্রানজিটের সাথে কাজ করতে আমি উন্মুখ।"

কংগ্রেসওম্যান ক্যারোলিন ম্যালোনি বলেন, "গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীর গণ পরিবহন এবং আঞ্চলিক কমিউটারদের প্রয়োজনীয়তা পূরণে কঠোর পরিশ্রম করছেন। আমি তার সাথে, সম্প্রদায় সদস্য, এবং সরকারে আমার সহকর্মীদের সাথে নতুন পেন স্টেশনের জন্য সম্ভাব্য সেরা নকশা করতে কাজ চালিয়ে যাবো।"

কংগ্রেসম্যান রিচি টোরেস বলেন, "পেন স্টেশনকে একবিংশ শতাব্দীতে নিয়ে আসার সময় বহু আগেই হয়েছে এবং এই প্রকল্পকে বাস্তবে পরিণত করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। ব্রঙ্কসের সাথে সংযোগসহ আধুনিকায়িত পেন স্টেশনটি কর্মজীবী পরিবারদের জন্য কমিউটের সময় কমাবে এবং একই সাথে অতি প্রয়োজনীয় চাকরি, স্বাস্থ্যসেবা ও শিক্ষা নিয়ে আসবে। মানসম্পন্ন ও বিশ্বস্ত গণ ট্রানজিট নিউ ইয়র্কবাসীর প্রাপ্য এবং পেন স্টেশন যাতে আমাদের শহরের ভবিষ্যতের জন্য প্রস্তুত থাকে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "গভর্নর হোকলের সংশোধিত এম্পায়ার স্টেশন পরিকল্পনার কেন্দ্রীয় মনোযোগ যে পেন স্টেশনের পুনর্নির্মাণ, যা বহু দিন আগে হওয়া উচিত ছিল, তা দেখে আমি অত্যন্ত আনন্দিত।আমি বিশেষ করে সম্প্রদায় ও স্টেকহোল্ডারদের জড়িত করার ব্যাপারে গভর্নরের অঙ্গীকারের প্রশংসা করছি এবং আশাবাদী যে প্রকল্পটি আসক্তি ও মানসিক রোগে ভুগতে থাকা মানুষের জন্য এলাকার জরুরি সমর্থক আবাসন ও সেবার প্রয়োজন মেটাবে।"

নিউ ইয়র্ক স্টেট ফাইন্যান্স কমিটির (New York State Senate Finance Committee) প্রধান সিনেটর লিজ ক্রুগার বলেন, "আমি এটি দেখে খুশি যে গভর্নর হোকল পেন স্টেশন এলাকার পূর্বের পরিকল্পনাটি ভালোভাবে দেখেছেন এ বন সম্প্রদায় ও স্থানীয় কর্মকর্তাদের চিন্তা শুনেছেন। তার নতুন পরিকল্পনা অনেক বেশি যথার্থ, এবং এটি প্রথমে প্রতিদিন পেন স্টেশনে যাতায়াতকারী নিউ ইয়র্কের কমিউটারদের প্রয়োজনের প্রতি মনোযোগ দেয়, স্টেশন থেকে ভেতরে ও বাইরে যাওয়ার এবং একই সাথে ট্রেন ও সাবওয়ের মধ্যে যাতায়াতের উন্নত ব্যবস্থা করে। আমি এই সম্প্রদায়, আমাদের শহর ও আমাদের অঞ্চলের ভবিষ্যতের জন্য সেরা সেরা পরিকল্পনা প্রদান করতে গভর্নর, তার প্রশাসন, কমিউনিটি স্টেকহোল্ডারদের সাথে কাজ করার উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট সিনেট কমিটি ও কর্পোরেশন্স, অথোরিটিস, অ্যান্ড কমিশনসের (New York State Senate Committee on Corporations, Authorities, and Commissions) প্রধান সিনেটর লিওরি কমরি বলেন, "পেন স্টেশন প্রকল্পের দিক পরিবর্তন করার সঠিক সিদ্ধান্ত গ্রহণের জন্য, প্রকৃতপক্ষে জরুরি যা অর্থাৎ যাত্রী ও সম্প্রদায়ের প্রয়োজন মিটিয়ে বিদ্যমান পেনকে উন্নত করতে মনোযোগ প্রদানের কারণে আমি গভর্নর হোকল ও তার দলকে ধন্যবাদ জানাতে চাই। আমি খুশি যে তিনি যথার্থ ঘনত্ব, সর্বোচ্চ সাশ্রয়ী আবাসন এবং নতুন পেন স্টেশনের চারপাশে সর্বাধিক অ্যাক্সেস নিশ্চিত করার জন্য তাৎক্ষণিক জনসাধারণের শুনানি দ্বারা সম্প্রদায়ের মতপ্রকাশের ক্ষমতা বৃদ্ধি করেছেন।"

সিনেটর কেভিন টমাস বলেন, "পেন স্টেশন বহুদিন ধরে লং আইল্যান্ড ও নিউ ইয়র্ক সিটির মধ্যে অতি জরুরি অর্থনৈতিক ও সামাজিক সংযোগ স্থাপন করেছে। এই অত্যাবশ্যকীয় পরিবহন কেন্দ্র আপগ্রেড ও পুনরুজ্জীবিত করা একটি সাধারণ বুদ্ধির পদক্ষেপ যা আমাদের অঞ্চলে ব্যাপক অর্থনৈতিক সুবিধা নিয়ে আসবে এবং প্রতিনিয়ত পেন স্টেশনের উপর নির্ভরশীল লং আইল্যান্ডের হাজার হাজার বাসিন্দাদের জীবন উন্নত করবে। আমি নিউ ইয়র্ককে

কোভিড-19 মহামারীর উত্তরকালে আরো মজবুত হয়ে গড়ে তুলতে সাহায্য করার জন্য এটি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পে গভর্নর হোকলের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

সিনেটর অ্যানা এম. কাপলান বলেন, "লং আইল্যান্ডের অধিবাসীরা কয়েক দশক ধরে পেন স্টেশনে খুব খারাপ অবস্থার শিকার হয়েছে, এবং সমস্যাগুলি এতো ব্যাপক যে সরল সংস্কার দিয়ে সেগুলির সমাধান করা যাবে না। সম্পূর্ণ নতুন পেন স্টেশনের লক্ষ্য যেটি লাখ লাখ নিউ ইয়র্কবাসীর প্রতিদিনের কমিউট নাটকীয়ভাবে উন্নত করবে, সেটি আমাদের অঞ্চলের রূপ পাল্টে দিবে, এবং যেহেতু আমরা মহামারীর যুগ থেকে আরো ভালোভাবে পুনর্গঠন করতে চাই তাই এর অগ্রসর হতে হবে অতি দ্রুত। আমি বিশ্ব-মানের গণ ট্রানজিট অবকাঠামোতে এই রূপান্তরকারী বিনিয়োগের মাধ্যমে পূর্বের প্রজন্মের ভুল সংশোধন করতে তার ভিশনের জন্য গভর্নর হোচুলের প্রশংসা করছি, এবং আমি এই প্রকল্পকে সফলভাবে শেষ করার জন্য জড়িত সকল স্টেকহোল্ডারদের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

সিনেটর জন ব্রুকস বলেন, "লং আইল্যান্ডের অর্থনীতি ও আমাদের জীবনধারার জন্য পেন স্টেশনে যে কমিউটার ট্র্যাফিক প্রবাহিত হয় তা অত্যাবশ্যকীয়। একবিংশ শতাব্দীর পেন স্টেশনের লক্ষ্য, যা দেশের অবকাঠামো মূলধনের আদর্শ মেনে চলে, তা বাস্তবায়নের জন্য যা সবসময় প্রয়োজন ছিল তা হল শক্তিশালী, যোগ্য এবং সহযোগিতামূলক নেতৃত্ব। যেসব সম্প্রদায়কে এটি সেবাদান করে তাদের যোগ্য ট্রানজিট হাব লক্ষ্যমাত্রা পুনঃকল্পনায় গভর্নর হোকলের অঙ্গীকারের জন্য আমি তাকে ধন্যবাদ দিয়ে শেষ করতে পারবো না।"

অ্যাসেম্বলিমেম্বার রিচার্ড গটফ্রিড বলেন, "বিদ্যমান পেন স্টেশনকে পুনরায় করাকে অগ্রাধিকার করে গভর্নর হোকলের সিদ্ধান্তকে, এবং এটি সঠিকভাবে সম্পাদন নিশ্চিত করতে স্থানীয় সম্প্রদায় ও স্টেকহোল্ডারদের সাথে কাজ করতে তার অঙ্গীকারকে আমি স্বাগত জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার জুডি গ্রিফিন বলেন, "আমি কৃতজ্ঞ যে গভর্নর ক্যাথি হোকল লং আইল্যান্ডের যাত্রীদের সম্মুখে রাখছেন এবং নতুন পেন স্টেশন প্রস্তাবের মাধ্যমে পেন স্টেশনকে অগ্রাধিকার প্রদান করছেন। অ্যাসেম্বলি জেলা 21 এ বাস করা বহু নিয়মিত LIRR কমিউটারের কাছে আমি শুনছি যে পেন স্টেশনকে অগ্রাধিকার প্রদান প্রয়োজন। যাতায়াতের জন্য যে ব্যয়বহুল খরচ হয়, তার বদলে যাত্রীদের একটি নিরাপদ এবং নির্ভরযোগ্য কমিউট প্রদান করতে হবে এবং অধিক আলো, অধিক স্থান এবং আরো অ্যাক্সেস প্রদানের জন্য পেন স্টেশন উন্নত করা হলে তা যাত্রীদের স্বস্তির কারণ হবে। যদিও আমাদের দারুণ গেটওয়ে এবং পেন সম্প্রসারণ প্রকল্প আছে, তবে আমাদের কাছে এমন একটি প্রস্তাব থাকা অত্যাবশ্যকীয় যা পেন স্টেশন এবং আশেপাশের এলাকাকে আমাদের যাত্রীদের জন্য যথেষ্ট যোগ্য করতে মনোযোগ প্রদান করবে, যেখানে MTA, ESD, যাত্রী ও সংশ্লিষ্ট সম্প্রদায়ের মধ্যে সমবেত প্রচেষ্টার জন্য সম্প্রদায়ের মতামত অন্তর্ভুক্ত করা হবে।"

অ্যাসেম্বলিমেম্বার ফ্রেড থিয়েল বলেন, "লং আইল্যান্ডের কমিউটারদের স্বাগত জানাবে এবং লং আইল্যান্ডের পূর্ব প্রান্ত সহ সকল এলাকার কমিউটারের জন্য একটি জরুরি পরিবহন কেন্দ্র

হয়ে উঠবে এমন একটি পুনঃকল্পিত পেন স্টেশন তৈরিতে তার সাহসী নির্ণায়ক সিদ্ধান্তের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলিমেম্বার মাইকেল বেনেডেট্টো বলেন, "যেহেতু পেন স্টেশন অ্যাক্সেস ও আমার ব্রঙ্কস নাগরিকদের মেট্রো-নর্থ ব্যবহার করে মিডটাউন ম্যানহাটনে সরাসরি সংযোগের সুযোগ আসন্ন, আমি শুধু এটি আশা করবো যে এমন একটি ফ্যাসিলিটি তৈরি হবে যা বিশ্বের এক নম্বর শহরের উপযোগী৷ বর্তমানে বিদ্যমান পেন স্টেশনের স্থানে একটি আধুনিক দিনের ট্রেন হল বানানোর লক্ষ্যের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। এটি সকল নাগরিকের জন্য সুবিধাজনক হবে এবং নিউ ইয়র্কের বিশালতার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি কমিটি ও কর্পোরেশন, অথোরিটিজ অ্যান্ড কমিশন্সের প্রধান, অ্যাসেম্বলিমেম্বার এমি পলিন বলেন, "আমাদের অঞ্চলের বাসিন্দাদের জীবন জীবিকা ও অর্থনীতির জন্য গণ পরিবহন অত্যাবশ্যকীয়। পেন স্টেশনের সংস্কার নিউ ইয়র্ক সিটিতে যাতায়াত করে, যার মধ্যে পেন স্টেশন অ্যাক্সেস সম্পূর্ণ হলে মেট্রো-নর্থের যাত্রীরা অন্তর্ভুক্ত হবে, এমন 500,000 কমিউটারের জীবনযাত্রার মানকে উল্লেখযোগ্যভাবে পরিবর্তন করবে। এছাড়াও এটি বিপরীত কমিউটারদের সমর্থন করবে, যার ফলে নিউ ইয়র্কের চাকরির বাজার ও অর্থনীতি সুবিধাপ্রাপ্ত হবে। যাত্রী আকর্ষণ ও ধরে রাখা নির্ভর করে পেন স্টেশনের মতো মুখ্য হাবকে রূপান্তরিত করা যাতে এটি গ্রাহকদের ট্রেনে উঠা ছাড়াও অন্য সেবা প্রদান করতে পারে।"

অ্যাসেম্বলিমেম্বার টেইলর ডার্লিং বলেন, "আমার সম্প্রদায়ের নাগরিক এবং লং আইল্যান্ডের সকল অধিবাসী প্রতিদিন পেন স্টেশনে যাতায়াত করেন। এটি দারুণ একটি সংবাদ যে পেন স্টেশন ব্যবহারকারী প্রত্যেক কমিউটার একদম নতুন অত্যাধুনিক স্টেশন দ্বারা ভবিষ্যতে শহরে স্বাগত হতে পারবো। এটি নিউ ইয়র্ক স্টেটের জন্য দারুণ একটি ঘোষণা!"

অ্যাসেম্বলিমেম্বার চার্লস ল্যাভিন বলেন, "পেন স্টেশন ও তার আশেপাশের এলাকায় দূরদৃষ্টিসম্পন্ন উন্নয়নের জন্য আমি গভর্নর হোকল ও তার দলকে স্যালুট করছি।পেন স্টেশনের বর্তমান রুগ্ন ও সঙ্কুচিত রূপ দ্বারা লং আইল্যান্ডের অধিবাসীরা বহুদিন ধরে সমস্যায় পড়ছে, সম্পূর্ণ হওয়ার পর নতুন ট্রানজিট কেন্দ্রটি শহরে আসা যাওয়া করার জন্য দারুণ একটি অভিজ্ঞতা প্রদান করবে।"

অ্যাসেম্বলিমেম্বার নেডার সেয়েজ বলেন, "সরাসরি পেন স্টেশনে যাওয়া একটি মেট্রো-নর্থ লাইন ওয়েস্টচেষ্টারের কমিউটারদের নিউ ইয়র্ক সিটির গন্তব্যে পৌঁছাতে আরো উপায় প্রদান করবে এবং একই সাথে ওয়েস্টচেস্টার ও নিউ ইয়র্ক সিটির অর্থনীতিকে সমৃদ্ধ করবে। আমাদের বাসিন্দারা ব্যাপকভাবে উন্নত কমিউট সুযোগের সদ্ব্যবহার করবে। গভর্নর হোকল ও আমাদের সহকর্মী স্টেটের বিধায়কদের জন্য আমাদের কৃতজ্ঞতা, যারা MTA এর সাথে নিরলসভাবে কাজ করে উদ্যোগটির প্রচার করেছেন যা আগামী 100 বছর আমাদের অঞ্চলকে প্রভাবিত করবে।"

অ্যাসেম্বলিমেম্বার ফিল রামোস বলেন, "পেন স্টেশন হল লং আইল্যান্ডের অধিবাসী ও আমরা নিউ ইয়র্ককে যা প্রদান করতে পারি তার সংযোজক অত্যাবশ্যকীয় সন্ধিস্থল, কিন্তু বিগত

বছরগুলিতে এটি প্রতিদিন এর সেবা গ্রহণকারী হাজার হাজার কমিউটারকে পর্যাপ্তের কম সেবা প্রদান করেছে। সম্প্রসারিত রেল ধারণক্ষমতা ও যাত্রী-কেন্দ্রিক অভিজ্ঞতার জন্য গভর্নরের পরিকল্পনা হল আমাদের চাওয়া সবকিছু এবং আমার জেলার প্রতি তাদের প্রতিক্রিয়াশীলতা ও সেবার জন্য আমি তার প্রশাসনের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলিমেম্বার জিনা এল. সিলিট্টি বলেন, "পেন স্টেশন প্রকল্প ও আশেপাশের বিকাশ নিয়ে গভর্নর হোকলের পুনর্মূল্যায়নের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ। পরিবহন কেন্দ্রটির উন্নয়নে এমন কেন্দ্রীভূত ও সুচিন্তিত প্রচেষ্টা অত্যাবশ্যকীয়। এটি আমাদের দারুণ শহরে ভ্রমণের ক্ষেত্রে কমিউটার অভিজ্ঞতা দারুণ উন্নত করবে।"

অ্যাসেম্বলিমেম্বার ড্যান কোয়ার্ট বলেন, "পেন স্টেশনের সম্পূর্ণ সংস্কার বহু দিন আগেই হওয়া উচিত ছিলো। গভর্নর হোকলের সংশোধিত পরিকল্পনা সেই প্রয়োজনকে অগ্রাধিকার প্রদান করে এবং একই সাথে জনসাধারণের স্থানের স্বল্পতার মতো সত্যিকারের সম্প্রদায় সমস্যাকে বিবেচনা করে। একটি আধুনিক, স্বাগতকারী, অ্যাক্সেসযোগ্য হাব নিউ ইয়র্কবাসীর প্রাপ্য যা তাদের জন্য নকশা করা হবে, এবং এই লক্ষ্যকে বাস্তবায়ন করতে গভর্নরের সাথে কাজ করার জন্য আমি উন্মুখ।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট গেইল এ. ব্রুয়ার বলেন, "অতি জরুরি পেন স্টেশন উন্নয়ন যে অগ্রসর হচ্ছে এবং প্রতিবেশী এলাকায় স্টেটের পরিকল্পনায় এটি অগ্রাধিকার পাবে তা ঘোষণার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। পেন স্টেশনের উন্নয়ন বহু দিন আগেই হওয়া উচিত ছিল এবং এটি আমাদের অঞ্চলের ট্রানজিট অবকাঠামো উন্নত করবে। পরিকল্পনাটির অর্থায়ন, উন্মুক্ত স্থান, সমবেত কাজ এবং সম্প্রদায়ের সাথে জড়িত হওয়ার ব্যাপারে স্টেটের সাথে কাজ করার জন্য আমি উন্মুখ।"

ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট রুবেন ডিয়াজ জুনিয়র বলেন, "আমি নতুন কমিউটার-ফার্স্ট বিশ্বমানের পেন স্টেশনের জন্য গভর্নর হোকলের লক্ষ্যের প্রশংসা করছি। আধুনিক অর্থনীতির প্রয়োজনের কথা মাথায় রেখে, পরিকল্পনাটি প্রতিদিনের কমিউটাররা যেসব সমস্যার সম্মুখীন হন তার উদ্ভাবনী সমাধান অন্তর্ভুক্ত করছে এবং আমাদেরকে কোভিড-19 মহামারী থেকে সেরে উঠতে সাহায্য করবে। পেন স্টেশন অ্যাক্সেস আসন্ন হওয়ার ফলে, যা পূর্ব ব্রঙ্কসে চারটি নতুন মেট্রো-নর্থ স্টেশন নিয়ে আসবে, পরিকল্পনাটি ব্রঙ্কসের অধিবাসীদের জন্য একটি সহজে অ্যাক্সেস করা যায়, নিরাপদ ও ব্যবহারকারী-বান্ধব একটি ট্রেন হলের অ্যাক্সেস প্রদান করবে।"

নাসাউ কাউন্টির নির্বাহী লরা কিউরান বলেন, "আমি পুনঃকল্পিত পেন স্টেশন থেকে সুবিধা পাবে লং আইল্যান্ডের এমন লাখ লাখ অধিবাসীর জন্য প্রকল্পটিকে একটি অগ্রাধিকার বানানোর জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। আমি বিশ্বাস করি পেন স্টেশনের সংস্কার বহুদিন আগেই হওয়া উচিত ছিল এবং নকশার এইসব পরিবর্তন গঠন প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে।"

সাফোক কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন, "লং আইল্যান্ডের অধিবাসী ও সকল নিউ ইয়র্কবাসীর এমন একটি পেন স্টেশন প্রাপ্য যা বিশ্বমানের পরিবহন ফ্যাসিলিটি। পরিবহন উন্নয়ন ও স্মার্ট বিকাশের উপর মনোযোগ প্রদানের ক্ষেত্রে পরিকল্পনাটি সঠিক।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "আমরা পেন স্টেশন অ্যাক্সেসের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি, এবং এখন পেন স্টেশন পুনর্নির্মাণের ঘোষণা আমাদের উৎসাহকে বৃদ্ধি করছে।সাউন্ড শোরের কাছে বসবাসরত ওয়েস্টচেস্টারের বাসিন্দাদের যাতায়াতের জন্য এটি বিশাল এক অর্জন এবং বহু দিন ধরেই এর প্রয়োজন।গভর্নরের পরিকল্পনা পেন স্টেশন অ্যাক্সেসকে আরেকধাপ অগ্রসর করছে এবং এই কমিউটারদের সুপ্রাপ্য বিশ্বমানের আধুনিক ট্রেন হল প্রদান করছে।আমি গভর্নর ও MTA এর প্রতি প্রকল্পটিতে তাদের কঠোর পরিশ্রমের জন্য কৃতজ্ঞ।"

কাউন্সিলমেম্বার কেভিন রাইলি বলেন, "গভর্নর হোকলের আজকের ঘোষণা 12তম জেলায় আমার সম্প্রদায়ের জন্য পরিবহন সুযোগ ও অ্যাক্সেস উন্নত করতে গভর্নর ও তার প্রশাসনের অঙ্গীকারকে পুনরায় নিশ্চিত করে। আমি পেন স্টেশন পুনর্নির্মাণের ক্ষেত্রে তার ভিশনের প্রশংসা করছি, যা একটি উন্মুখ ও সহজে ব্যবহারযোগ্য ট্রেন হল নিয়ে আসছে। পেন স্টেশন অ্যাক্সেস সচল হলে, এটি সাবওয়ে অবকাঠামোতে কিছু জরুরি বিনিয়োগ প্রদান করবে, যা এমন সেবা উন্নয়নে সাহায্য করবে যা আমাদের নাগরিকের প্রাপ্য এবং যার উপর তারা নিত্য নির্ভর করে। এটিকে বাস্তবে পরিণত করতে গভর্নর ও MTA এর সাথে কাজ করার জন্য আমি উন্মুখ।"

রিয়েল এস্টেট বোর্ড অফ নিউ ইয়র্কের (Real Estate Board of New York, REBNY) প্রেসিডেন্ট জেমস হুইলান বলেন, "পেন স্টেশনের ভেতরে এবং চারপাশে অভিজ্ঞতা উন্নত করলে শহরের লাখ লাখ বাসিন্দা ও ট্রানজিট যাত্রীরা সুবিধাপ্রাপ্ত হবে। সেই পথে অগ্রসর হওয়ার জন্য এবং একই সাথে বিশ্বের সব থেকে গুরুত্বপূর্ণ পরিবহন কেন্দ্রগুলির একটির স্মার্ট, ট্রানজিট-মুখী বিকাশের জন্য গভর্নর হোকল প্রশংসার দাবিদার।"

পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির প্রেসিডেন্ট (Partnership for New York City) ও প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ওয়াইল্ড বলেন, "প্রধান এই ট্রানজিট কেন্দ্র ও আশেপাশের এলাকার পুনর্বিকাশ অনেক প্রয়োজন এবং এই প্রয়োজন বহুদিনের। আমরা আমাদের শহর ও অঞ্চলের ভবিষ্যতের জন্য অতি জরুরি প্রকল্পটি অগ্রসর করাতে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেসের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কার্লো এ. সিসুরা বলেন, "আমরা যদি পেন স্টেশনকে পুনর্গঠন না করি তাহলে নিউ ইয়র্ক কখনো তার পূর্ণ কার্যকারিতা অর্জন করবে না। নিউ ইয়র্ক বাসীর এমন একটি বিশ্বমানের ট্রেন হাব প্রাপ্য যা শহরের প্রাণকেন্দ্রে তাদের স্বাগত জানাবে, যার মেট্রো-নর্থ সম্প্রসারণ এবং গেটওয়ে প্রোগ্রামের থেকে বেশি যাত্রী ধারণক্ষমতা আছে। পেন স্টেশন পুনর্নির্মাণের জন্য নিউ ইয়র্ক বিল্ডিং কংগ্রেস গভর্নর হোচুলের অঙ্গীকারের প্রশংসা করে, যার মনোযোগের কেন্দ্রবিন্দু হল আশেপাশে একটি প্রাণবন্ত সম্প্রদায় রাখা, সাশ্রয়ী আবাসন তৈরি করা, জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান বৃদ্ধি করা ও সাইডওয়াকে ভিড় কমানো এবং ম্যানহাটনের   বাইরের নিউ

ইয়র্কবাসীর বিরামহীন যাতায়াত নিশ্চিত করার জন্য হেরাল্ড স্কোয়ারের সাথে সংযোগ স্থাপন। গঠন হল কোনও সমস্যা থেকে বের হওয়ার সেরা উপায়, এবং নতুন পেন স্টেশনটি আমাদের পুনর্বাসন যাত্রার মুখ্য গন্তব্য হবে।"

মিউনিসিপাল আর্ট সোসাইটি অফ নিউ ইয়র্কের (Municipal Art Society of New York) প্রেসিডেন্ট এলিজাবেথ গোল্ডস্টিন বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল এম্পায়ার স্টেশন কমপ্লেক্স প্রকল্পকে অগ্রসর করার সময় বিদ্যমান পেন স্টেশন এবং অন্যান্য জনস্বার্থকে সামনে রাখছেন।একটি মার্জিত, সুসঙ্গত ও কার্যকর ট্রেন স্টেশন নিউ ইয়র্ক সিটির প্রাপ্য, যা একটি দৃঢ় এবং চিন্তাশীল পাবলিক রেলম নকশা ও জনগণের সাথে গভীর সমবায় দ্বারা সৃষ্ট বহুমুখী প্রতিবেশী এলাকা দ্বারা সমর্থিত হবে।"

রিজিওনাল প্ল্যান অ্যাসোসিয়েশনের (Regional Plan Association, RPA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টম রাইট বলেন, "গভর্নর হোকলের পেন স্টেশন সংস্কার ও সম্প্রসারণে অগ্রসর হওয়ার সিদ্ধান্ত, প্রজন্মে একবার পাওয়া যায় এমন সুযোগ অর্জনে তার নেতৃত্ব এবং অঙ্গীকার প্রদর্শন করে। RPA গেটওয়ে প্রকল্পটির নির্মাণ ও পেন স্টেশন মেরামতকে বহু দশক ধরে সমর্থন করেছে, এবং সাম্প্রতিক ভোটের ফল দেখায় যে জনগণও এটি সমর্থন করে। এখন সামনে এগিয়ে যাওয়ার সময়; যত দ্রুত সম্ভব অতি গুরুত্বপূর্ণ প্রকল্পটির সকল উপাদানের কাজ সম্পন্ন করা আমাদের জন্য প্রয়োজন। এক সাথে কাজ করলে, সকল নিউ ইয়র্কবাসী এবং সম্পূর্ণ মেট্রোপলিটন অঞ্চলের জন্য একটি আকর্ষণীয়, নিরাপদ, আধুনিক, সহজে অ্যাক্সেস করা যায় এবং সমন্বিত পেন স্টেশন সম্ভব।"

ট্রাই-স্টেট ট্রান্সপোর্টেশন ক্যাম্পেইনের নির্বাহী পরিচালক রেনে রেনল্ডস বলেন, "আরো ভালো অ্যাক্সেস ও উন্নত চলাচলের ব্যবস্থাসহ ব্যবহারকারী-বান্ধব ও স্বাগত পেন স্টেশন নিয়ে তার লক্ষ্য অগ্রসর করার জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি। গভর্নর হোকল দেখিয়েছেন যে তিনি স্টেকহোল্ডার ও জনসাধারণের জড়িত হওয়া ও মত গ্রহণে রাজি আছেন। সম্পূর্ণ অঞ্চলের ট্রানজিট ও চলাচলের প্রয়োজন মেটাতে পেন স্টেশনের জন্য একটি সার্বিক পরিকল্পনা ও লক্ষ্য বাস্তবায়ন করতে নিউ ইয়র্ক ও নিউ জার্সির গভর্নরদ্বয়, অ্যামট্র্যাক, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি এবং নিউ জার্সি ট্রানজিটের সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ।"

MTA এর পার্মানেন্ট সিটিজেনস অ্যাডভাইজরি কমিটির (Permanent Citizens Advisory Committee, PCAC) নির্বাহী পরিচালক লিসা ড্যাগলিয়ান বলেন, " আরো আকর্ষণীয় ও ব্যবহারকারী-বান্ধব পেন স্টেশন যাত্রীদের জন্য ভালো এবং অঞ্চলের জন্য ভালো, এবং আমরা খুশি যে গভর্নর হোকল এই উন্নয়নকে তালিকার শীর্ষে উন্নীত করছেন। লং আইল্যান্ড রেল রোড এবং মেট্রো-নর্থের কমিউটারদের একটি একটি বিশ্বমানের ট্রেন হল প্রাপ্য, এবং হাডসন নদীর পশ্চিমের যাত্রীর যারা নিউ জার্সি ট্রানজিট হয়ে আসেন এবং নতুন যেসব যাত্রী পেন স্টেশন সম্পূর্ণ হয়ে গেলে আসবে তাদেরও।যেহেতু আরো বেশি মানুষ অফিসে ফিরে যাচ্ছে, তাদের প্রথম পছন্দ হওয়া উচিত ট্রানজিট যাত্রা। তারা যখন ট্রেনের জন্য অপেক্ষা করবে তখন বহু সুবিধালাভসহ নামার জন্য একটি স্বাগত ও নিরাপদ স্থান নিশ্চিত করা তাদের এখানে ফিরিয়ে আনতে সাহায্য করবে।তারা, এবং পেন স্টেশনে আসা যাওয়া করা সাবওয়ে যাত্রীরা

নতুন প্রবেশপথ ও পথচারীর স্থান থেকে সুবিধা লাভ করবে, যেগুলি সকল জড়িত স্টেকহোল্ডারের প্রকাশিত মত অনুযায়ী নির্মাণ করা হবে। নিউ ইয়র্ক সিটিতে প্রবেশের পর কমিউটাররা প্রথম যেই স্থানটি দেখবে তা আকর্ষণীয় হওয়া উচিত, এবং আমরা নতুন পেন স্টেশনের পরিকল্পনায় সেটি দেখতে পাই। যাত্রীদের চিন্তা করে করা এইসব যথাসময়ে উন্নয়ন দেখার জন্য আমরা উন্মুখ এবং তা একটি দেখার মতো জিনিসই হবে।"

বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অফ গ্রেটার নিউ ইয়র্কের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "পেন স্টেশনকে একবিংশ শতাব্দীর পরিবহন ও সুযোগের কেন্দ্রে রূপান্তরিত করার পরিকল্পনাটি আমাদের পরিশ্রমী ব্যবসায়ী পুরুষ ও মহিলাদের জন্য সুবিধাসহ অগণিত মধ্যবিত্ত ক্যারিয়ার তৈরি করবে এবং বিনিয়োগ বৃদ্ধি করবে যা কেবল নিউইয়র্কের অর্থনীতিকে পুনরুদ্ধারের পথে নিয়ে যাবে না বরং আমাদের ভবিষ্যৎও গঠন করবে। আমরা গভর্নর হোকলকে এই উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনা অগ্রসর করার ক্ষেত্রে তার কার্যকর নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই এবং নিউইয়র্ক সিটির এই গেটওয়ে নির্মাণে কাজ করার জন্য প্রস্তুত আছি।"

32BJ এর প্রেসিডেন্ট কাইল ব্র্যাগ বলেন, "আমাদের 32BJ সদস্যরা এম্পায়ার স্টেশন কমপ্লেক্স প্রস্তাবনা সমর্থন করে, আমরা বিশ্বাস করি আমাদের বাণিজ্যিক কেন্দ্র এবং পরিবহন অবকাঠামোতে বিনিয়োগের মাধ্যমে এটি নিউ ইয়র্ক সিটির আত্মবিশ্বাস পুনর্গঠন করবে। আমরা খুশি যে স্টেট এমন একটি পরিকল্পনাকে অগ্রসর করছে যেটি ভবন সেবা কর্মীদের জন্য শত শত ভালো ফলপ্রসূ মজুরির চাকরি এবং অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন তৈরি করবে বলে আমরা প্রত্যাশা করছি, এবং আমরা এই গুরুত্বপূর্ণ এইসব সুবিধাকে বাস্তবে পরিণত করতে অংশীদারিত্ব চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

ম্যানহাটন কমিউনিটি বোর্ড 4 (Manhattan Community Board 4) এর প্রধান লোয়েল কার্ন বলেন, "পূর্বে প্রস্তাবিত এই পরিকল্পনার অন্যান্য অংশ থেকে পেন স্টেশনকে একটি বিশ্বমানের ফ্যাসিলিটি বানানোর জন্য প্রয়োজনীয় উন্নয়ন যে গভর্নরের অগ্রাধিকার সে ব্যাপারে ম্যানহাটন কমিউনিটি বোর্ড 4 খুবই উৎসাহিত।আরো বেশ কিছু সমস্যা রয়েছে যার ব্যাপারে বিভিন্ন এনটিটি ও স্থানীয় সম্প্রদায়ের সাথে বিশদ আলোচনা প্রয়োজন হবে, এবং আমরা সেই সব আলোচনার অংশ হওয়ার জন্য উন্মুখ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও গভর্নর ক্যাথি হোকলের রিজিওনাল

ইকোনওমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি (I LOVE NY)," এই স্টেটের সবচেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের মার্কেটিং তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হচ্ছে ESD। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি সম্পর্কে

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি হল উত্তর আমেরিকার সর্ববৃহৎ পরিবহন নেটওয়ার্ক, এটি লং আইল্যান্ড, দক্ষিণপূর্ব নিউ ইয়র্ক স্টেট ও কাইনেটিকাটের মধ্য দিয়ে ইউ ইয়র্ক সিটির চারপাশের 5,000 বর্গমাইল এলাকায় 15.3 মিলিয়ন মানুষকে সেবাদান করছে। MTA নেটওয়ার্কটিতে রয়েছে দেশের সর্ববৃহৎ বাস ফ্লিট এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সকল ট্রানজিট ব্যবস্থার সম্মিলিত সংখ্যার অধিক সাবওয়ে এবং কমিউটার রেলগাড়ি। MTA এর পরিচালনাকারী এজেন্সিগুলি হল MTA নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (MTA New York City Transit) , MTA বাস (MTA Bus), লং আইল্যান্ড রেল রোড, মেট্রো-নর্থ রেলরোড, এবং মত ব্রিজেস অ্যান্ড টানেলস (MTA Bridges and Tunnels)।নিরাপদ, পরিচ্ছন্ন এবং কার্যকর গণ পরিবহন সংক্রান্ত MTA বিধান হল নিউ ইয়র্ক সিটি মেট্রোপলিটন এলাকার প্রাণশক্তি, এটি লাখ লাখ বাসিন্দাকে পুরো অঞ্চলের সাংস্কৃতিক, শিক্ষামূলক, কর্মসংস্থান ও অর্থনৈতিক সুযোগের সাথে সংযুক্ত করে।

কমিউনিটি অ্যাডভাইজরি কমিটি ওয়ার্কিং গ্রুপের ব্যাপারে

CACWG গঠিত হয় ম্যানহাটন কমিউনিটি বোর্ড 4 ও 5, স্থানীয় নির্বাচিত কর্মকর্তা, ESD, বাসিন্দাদের প্রতিনিধি, নিউ ইয়র্কের মিউনিসিপাল আর্ট সোসাইটি, ট্রাই-স্টেট ট্রান্সপোর্টেশন ক্যাম্পেইন, 34তম স্ট্রিট পার্টনারশিপ, গ্র্যান্ড সেন্ট্রাল পার্টনারশিপ, নিউ ইয়র্কের বিল্ডিং অ্যান্ড কন্সট্রাকশন ট্রেডস কাউন্সিল, 32BJ, ম্যানহাটন চেম্বার অফ কমার্স (Manhattan Chamber of Commerce), ট্রান্সপোর্টেশন অল্টারনেটিভস (Transportation Alternatives), REBNY, উই অ্যাক্ট ফর এনভায়রনমেন্টাল জাস্টিস (We Act for Environmental Justice) এবং অন্যান্য স্টেকহোল্ডার।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন